গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

বার্ষিক ব্যবস্থাপনা টিমের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভার তারিখঃ | ০৭ জুন, ২০১৭ খ্রিঃ, |
| সভার সময়ঃ | সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থানঃ | অতিরিক্ত সচিব-১, মহোদয়ের সভা কক্ষ (ব্লক-৩, কক্ষ-৯), পরিকল্পনা বিভাগ। |
| সভাপতিঃ | বেগম নাসরীন আরা সুরাত আমিন, অতিরিক্ত সচিব ও আহ্বায়ক বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম পরিকল্পানা বিভাগ। |

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি বলেন যে, মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক সম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা, ২০১৭-২০১৮ অনুযায়ী আগামী ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ সম্পাদন করতে হবে। ইতিমধ্যে পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান তাদের স্ব স্ব বিভাগ/সংস্থার খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ দাখিল করেছে। উক্ত খসড়া চুক্তিসমূহে কিছু ভূল-ত্রুটি সংশোধন এবং ২২/০৫/২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ পর্যালোচনা সংক্রান্ত সভার সুপারিশ অনুযায়ী কিছু নতুন কার্যক্রম/কর্মসম্পাদন সূচক সংযোজন করা প্রয়োজন। অন্য দিকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর মূল্যায়ন প্রতিবেদনে কিছু বিষয়ে অস্পষ্টতা রয়েছে। তাই আজকের এ সভা আহবান। তিনি যুগ্ম-সচিব (সমন্বয়) কে কার্যপত্র মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-১৬ এর মূল্যায়ন প্রতিবেদন বিভাগ/সংস্থা ওয়ারী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। যুগ্ম-সচিব (সমন্বয়) পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগের দাখিলকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এবং মূল্যায়ন প্রতিবেদন ২০১৫-২০১৬ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ খসড়া পরিকল্পনা কমিশনের সকল বিভাগ এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এর বিষয়ে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| যুগ্ম-সচিব (সমন্বয়) সভায় পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং পরিকল্পনা বিভাগের আওতাধীন দুটি সংস্থা হতে দাখিলকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এর ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পর্যবেক্ষণগুলো তুলে ধরেন। তিনি বলেন যে, প্রায় ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এর প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ এর কলামের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর মূল্যায়ন প্রতিবেদনের অর্জনের তারতম্য রয়েছে যা সমীচীন নয়। সভাপতি যে সকল বিভাগ/সংস্থার ক্ষেত্রে এ রকম সমস্যার সৃষ্টি হয়েছে তাঁদেরকে আগামী কালকের মধ্যেই তা সংশোধনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিকল্পনা বিভাগে ১০ কপি প্রেরণের জন্য অনুরোধ করেন। তাছাড়া তিনি আরও বলেন যে, ২৫/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সিদ্ধান্তসমূহের মধ্যে স্ব স্ব বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ APA তে সংযোজন এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের কলামে সর্বশেষ | (১) পরিকল্পনা কমিশনের যে সকল বিভাগ এবং পরিকল্পনা বিভাগের আওতাধীন যে সকল সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-২০১৮ এর প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ এর কলামের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর তারতম্য রয়েছে তা সংশোধন করতে হবে। | সকল বিভাগ পরিকল্পনা কমিশন ও জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| তথ্যাদি সংযোজন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে ঐক্যমত পোষন করা হয়। | (২) ২৫/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সিদ্ধান্তসমূহের মধ্যে স্ব স্ব বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ APA তে সংযোজন করতে হবে।<br>(৩) APA এর ২০১৬-১৭ অর্থবছরের কলামে সর্বশেষ তথ্যাদি সংযোজন করতে হবে।<br>(৪) প্রয়োজনীয় সংশোধন/সংযোজন শেষে ১০ কপি APA পরিকল্পনা বিভাগে ০৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | |

৪.০ পরিকল্পনা কমিশনের সকল বিভাগ এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| যুগ্ম-সচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশনের সকল বিভাগ এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর মূল্যায়ন প্রতিবেদন দাখিল করেছে। উক্ত মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কোন কোন বিভাগ/সংস্থার ক্ষেত্রে মূল বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-২০১৬ এর সাথে মূল্যায়ন প্রতিবেদনের কার্যক্রম/কর্মসম্পাদন সূচকের অমিল রয়েছে। কোন কোন ক্ষেত্রে কৌশলগত উদ্দেশ্য/কার্যক্রম/কর্মসম্পাদন সূচক বাদ পড়েছে। তাছাড়া লক্ষ্যমাত্রায় তারতম্য ঘটানো হয়েছে। তিনি বিভাগ/সংস্থা ওয়ারী পরিকল্পনা বিভাগের পর্যবেক্ষণ সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন যে, সার্বিকভাবে তথ্যাদি পেশ করা না হলে নম্বর প্রদান করা দূরহ। তাই তিনি সংশ্লিষ্টদের সঠিক এবং সুস্পষ্ট তথ্যাদি প্রেরণের অনুরোধ করেন। তিনি বলেন সঠিক এবং সুস্পষ্ট তথ্যাদি দ্বারা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-১৬ এর মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগে প্রেরণ করা উচিত। | (১) সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার মূল বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৫-১৬ এর সাথে মিল রেখে ২০১৫-১৬ এর মূল্যায়ন প্রতিবেদনের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে। | সকল বিভাগ পরিকল্পনা কমিশন ও জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান। |

৫.০ সভায় আর কিছু আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/=
১১/০৬/২০১৭
(নাসরীন আরা সুরাত আমিন)
অতিরিক্ত সচিব
ও
আহ্বায়ক
বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম
পরিকল্পানা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-২০.০০.০০০০.৩৩২.২৯.০০১.১৫- ২২৮

তারিখঃ ২৮জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রধান, (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন, ঢাকা।

২. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৩. অতিরিক্ত মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা।

৪. যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৫. জনাব মোঃ মহসীন আলী খন্দকার, যুগ্ম প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৬. জনাব মোঃ নজরুল ইসলাম সরকার, যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৭. ড. মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্ম প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৮. জনাব মোঃ ছায়েদুজ্জামান, যুগ্মপ্রধান (চঃ দাঃ), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৯. ড. মোহাম্মদ ইউনুস, সিনিয়র রিসার্চ ফেলো, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো )

১১. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২. জনাব মুহাম্মদ আওলাদ হোসেন, বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১৩. অতিরিক্ত সচিব-১, এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (অতিরিক্ত সচিব-১, মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২/৬/২০১৭

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com